বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল
dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২১-২০২২/ ১৫২(১২৮)

তারিখঃ ২৮/০৭/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের সিজিএস ইউনিট কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ ও ০৪, তারিখঃ যথাক্রমে ২৭/০৭/২০২০ এবং ০৩/১১/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। উপরোক্ত সার্কুলার দুটি অত্র বিভাগের পত্রসূত্র নং-২৯৩ ও ১১৯০, তারিখ যথাক্রমে ১০/০৮/২০২০ ও ১২/১১/২০২০ এর মাধ্যমে জারী করা হয়েছে। এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে 'ক্রেডিট গ্যারান্টি স্কিম' চালু করা হয়েছে এবং এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে 'ক্রেডিট গ্যারান্টি স্কিম' এর বাস্তবায়ন এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুসরনের জন্য "Manual of Credit Gurantee Scheme" জারি করা হয়েছে।

০৩। কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহ বৃদ্ধিসহ COVID-19 এর প্রাদুর্ভাবের কারনে দেশের অর্থনীতিতে সৃষ্ট বিরূপ প্রভাব থেকে উত্তরণের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় ২০২১ পঞ্জিকাবর্ষে জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ পূর্বক এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় ঋণ মঞ্জুরীর পূর্বে জামানতবিহীন ঋণ প্রস্তাবসমূহ ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় রেজিস্ট্রেশন করার লক্ষ্যে আবেদন প্রয়োজনীয় সংযুক্তিসহ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯

তারিখঃ ২৮/০৭/২০২১

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২১-২০২২/ ১৫২(১২৮)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৮/০৭/২০২১
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক